2016-
Apr ed.

বাংলা

যে সমস্ত বিদেশী জাপানে বাসিন্দা হিসাবে নাম লিখিয়েছেন তাদের জন্য: স্বতন্ত্র নম্বর (আমার নম্বর) বিষয়ে তথ্য

জানুয়ারি 2016 থেকে, সামাজিক নিরাপত্তা এবং ট্যাক্স নম্বর)স্বতন্ত্র নম্বর বা "আমার নম্বর"ও বলা হয়(সামাজিক নিরাপত্তা, ট্যাক্স এবং ডিজাস্টার রেসপন্সে ব্যবহার করা হয়।

1. স্বতন্ত্র নম্বর কী?

স্বতন্ত্র নম্বর)ডাক নাম হল "আমার নম্বর"(হল 12 সংখ্যার নম্বর যা জাপানে বসবাসকারী ব্যক্তিদের সামাজিক নিরাপত্তা এবং ট্যাক্স নম্বর সিস্টেমের আওতায় দেওয়া হয়েছে। তাদের সামাজিক নিরাপত্তা, ট্যাক্স এবং ডিজাস্টার রেসপন্সে ব্যবহার করা হয়। সিস্টেমটি প্রশাসনিক স্বচ্ছতা বাড়াতে, জনসাধারণকে আরো সুযোগসুবিধা দিতে এবং এক নিরপেক্ষ ও ন্যায্য সমাজ গড়ে তুলতে সামাজিক পরিকাঠামো হিসাবে কাজ করে।
যে সমস্ত বিদেশী জাপানের বাসিন্দা)মিডিয়াম-টার্ম বাসিন্দা, বিশেষ স্থায়ী বাসিন্দা ইত্যাদি(হিসাবে নাম লিখিয়েছেন তারাও তাদের স্বতন্ত্র নম্বর পাবেন।

2. আপনার স্বতন্ত্র নম্বরের বিজ্ঞপ্তি

- আপনি জাপানের বাসিন্দা হিসাবে নাম লেখালে, আপনার স্বতন্ত্র নম্বর বিজ্ঞপ্তি কার্ডে লেখা থাকবে এবং তা মিউনিসিপ্যাল অফিস থেকে আপনার নিবন্ধিত ঠিকানায় পাঠিয়ে দেওয়া হবে।
)বিজ্ঞপ্তি কার্ডটির মেয়াদ কখনও শেষ হবে না। আপনার বিজ্ঞপ্তি কার্ডটি ফেলে দেবেন না যেন। আপনাকে এটি অবশ্যই নিরাপদে রেখে দিতে হবে।(
- মাঝারি থেকে দীর্ঘ সময়ের বাসিন্দা স্থিতি নিয়ে জাপানে আসা বিদেশীরা বাসিন্দা হিসাবে নাম লেখানোর সময়ে তাদের স্বতন্ত্র নম্বর পাবেন।

3. স্বতন্ত্র নম্বর কখন ব্যবহার করতে হবে

- আপনি আপনার স্বতন্ত্র নম্বর ট্যাক্স প্রক্রিয়ার জন্য ট্যাক্স অফিসের কাছে উপস্থিত করবেন, যেমন 2016 ও তার পরবর্তী বছরগুলির জন্য আপনার ট্যাক্স রিটার্ন ফাইল করার সময়।
- কর এবং সামাজিক নিরাপত্তা পদ্ধতিগুলির জন্য আপনি আপনার স্বতন্ত্র নম্বর আপনার নিয়োগকর্তার কাছে উপস্থিত করবেন।
- কর প্রক্রিয়াগুলির জন্য আপনি আপনার স্বতন্ত্র নম্বর সিকিউরিটি সংস্থাগুলি এবং বিমা কোম্পানিগুলির কাছে উপস্থিত করবেন।
- আপনি ওয়েলফেয়ার সুবিধা পেতে আপনার মিউনিসিপ্যাল অফিসে আপনার স্বতন্ত্র নম্বর জানাবেন এবং জাতীয় স্বাস্থ্য বিমা ও নার্সিং কেয়ার বিমা প্রোগ্রামগুলির আওতাধীন পদ্ধতিগুলির জন্য আপনার স্বতন্ত্র নম্বর জানাবেন।
- অন্য দেশে অর্থ পাঠাতে বা অন্য দেশ থেকে অর্থ পেতে, আপনি আপনার স্বাতন্ত্র নম্বর ব্যাঙ্ক বা পোস্ট অফিসে উপস্থিত করবেন।

দ্রষ্টব্য: উপরের পদ্ধতিগুলিতে, আপনার স্বতন্ত্র নম্বর নিয়ে কাজ করা সংস্থাটি এই বিষয় নিশ্চিত করে পরিচয় জালিয়াতি আটকাবে (1) নম্বরের বৈধতা এবং (2) যার কাছে রয়েছে তার পরিচয়।
বিজ্ঞপ্তি কার্ড যেহেতু শুধুমাত্র নম্বরই প্রমাণ করতে পারে তাই আপনাকে আপনার ব্যক্তিগত আইডি)যেমন, রেসিডেন্স কার্ড, বিশেষ স্থায়ী বাসিন্দা সার্টিফিকেট(উপস্থিত করতে হবে।

4. স্বতন্ত্র নম্বর কার্ড)আমার নম্বর কার্ড(কী?

- এই কার্ডটি আপনার স্বতন্ত্র নম্বর এবং স্বতন্ত্র নম্বরের সঙ্গে জড়িত যেকোনো প্রক্রিয়ায় পরিচয় হিসাবে স্বাক্ষ্য দেয়। এটি আপনার সরকারি আইডি কার্ড হিসাবেও কাজ করে।
- আপনি একটি স্বতন্ত্র নম্বর কার্ডের জন্য দরখাস্ত করতে পারবেন। বিভিন্ন ভাবে দরখাস্ত জানানো যাবে, যেমন - আপনার মুখের ছবি লাগিয়ে দরখাস্ত পত্র)আপনার বিজ্ঞপ্তি কার্ডের সঙ্গে দেওয়া হয়েছে(মেলে পাঠিয়ে বা PC বা স্মার্টফোন থেকে অনলাইনে দরখাস্ত করে। কার্ড প্রথমবার বিনামূল্যেই জারি করা হয়।
- একটি স্বতন্ত্র নম্বর কার্ডের জন্য আপনার একবার আবেদন জানানো হয়ে গেলে, আপনার কার্ড যে জারি হতে প্রস্তুত তা জানিয়ে আপনাকে একটি পোস্টকার্ড পাঠানো হবে। আপনি (1) এই পোস্টকার্ড, (2) আপনার বিজ্ঞপ্তি কার্ড এবং (3) আপনার ব্যক্তিগত আইডি)বাসিন্দা কার্ড ইত্যাদি(দেখিয়ে মিউনিসিপ্যাল অফিস থেকে আপনার

কার্ড নিয়ে যেতে পারবেন। জারি হওয়ার সময়ে, আপনাকে একটি ব্যক্তিগত পরিচয়পত্র নম্বর সেট করতে হবে।

- আপনার বয়স 20 বা তার বেশি হলে আপনার স্বতন্ত্র নম্বর কার্ড জারি হওয়ার পর থেকে দশম জন্মদিন পর্যন্ত বা আপনার বয়স 20 বছরের কম হলে পঞ্চম জন্মদিন পর্যন্ত বৈধ থাকবে। মনে রাখবেন যে, মেয়াদ শেষ হওয়ার তারিখ আপনার বাসিন্দা থাকার সময়কাল বা অন্যান্য বিষয়ের উপরে নির্ভরশীল হতে পারে।
- কার্ডে একটি IC চিপ এম্বেড করা আছে, যা অনলাইনে ট্যাক্স রিটার্ন এবং অন্যান্য পদ্ধতিগুলির জন্য ইলেকট্রনিক সার্টিফিকেট স্টোর করে রাখতে পারে।
- কিছু মিউনিসিপ্যালিটিতে, কার্ড পাবলিক পরিষেবাগুলি)যেমন, পাবলিক লাইব্রেরি পরিষেবা, সিল রেজিস্ট্রেশন সার্টিফিকেট জারি(পেতে বা কোনো কনভিনিয়েন্স স্টোরে আপনার বাসিন্দা সার্টিফিকেটের একটি কপি পেতে ব্যবহার করা যেতে পারে।
- IC চিপে আপনার নাম, ঠিকানা, স্বতন্ত্র নম্বর এবং কার্ডের সামনের দিকে ছাপানো অন্যান্য তথ্য থাকবে। খুবই সংবেদনশীল ব্যক্তিগত তথ্য যেমন আপনার আয়ের উল্লেখ থাকবে না।
- স্বতন্ত্র নম্বর কার্ড পাওয়ার পরেও, আপনাকে আপনার বাসিন্দা কার্ড, বিশেষ স্থায়ী বাসিন্দা সার্টিফিকেট ইত্যাদি রাখতে হবে।

5. স্বতন্ত্র নম্বর ব্যবহারের দিক থেকে এই পূর্ব-সতর্কতা মেনে চলতে হবে

- বিজ্ঞপ্তি কার্ড বা স্বতন্ত্র নম্বর কার্ডে উল্লিখিত ঠিকানা বা অন্য তথ্য আপডেট করার প্রয়োজন হলে, অনুগ্রহ করে মিউনিসিপ্যাল অফিসে যোগাযোগ করুন।
- আইনি অনুমোদন ছাড়া কেউ স্বতন্ত্র নম্বর ব্যবহার বা সংগ্রহ করতে পারবে না। কেউ আপনাকে আপনার স্বতন্ত্র নম্বর চাইলে, নিশ্চিত হয়ে নিন যে কে তা ব্যবহার করবেন এবং কোন কারণে ব্যবহার করবেন।
- কোনো ব্যক্তি বেআইনি ভাবে অন্যদের স্বতন্ত্র নম্বর নিলে তাকে শাস্তি পেতে হবে।
- অসাবধানী হয়ে অন্যদের, বিশেষ করে সন্দেহজনক টেলিফোন কলে আপনার স্বতন্ত্র নম্বর বলবেন না।

6. স্বতন্ত্র নম্বর বিষয়ে জিজ্ঞাস্য

- টোল ফ্রি নম্বরগুলি, ইংরাজি, চিনা, কোরিয়ান, স্পেনীয় এবং পর্তুগিজ ভাষায় উপলব্ধ

  0120-0178-26 সামাজিক নিরাপত্তা এবং ট্যাক্স নম্বর সিস্টেম বিষয়ে জিজ্ঞাস্য থাকলে
  0120-0178-27 বিজ্ঞপ্তি কার্ড এবং স্বতন্ত্র নম্বর কার্ড বিষয়ে জিজ্ঞাস্য থাকলে

  9:30–20:00 সপ্তাহের মাঝের দিনে, 9:30–17:30 সপ্তাহান্তে এবং জাতীয় ছুটির দিনে)বছর শেষের/নতুন বছরের ছুটির দিনে বন্ধ থাকে(

  ● আপনার স্বতন্ত্র নম্বর কার্ড হারিয়ে গেলে বা চুরি হয়ে গেলে তা জরুরি ভিত্তিতে সাময়িক ভাবে স্থগিত রাখতে, 0120-0178-27 নম্বরে কল করুন, 24/7 উপলব্ধ।

- স্বতন্ত্র নম্বরের বিষয়ে তথ্য একাধিক ভাষায় নিম্নলিখিত ওয়েবসাইটে উপলব্ধ:
  - ক্যাবিনেট সেক্রেটারিয়েট: http://www.cas.go.jp/jp/seisaku/bangoseido/
  - J-LIS: https://www.kojinbango-card.go.jp/